ঝিনাইদহের মহেশপুরে ফুটবল খেলা নিয়ে সংঘর্ষ নিহত ১: আহত ৩ জন

ফুটবল খেলা নিয়ে দর্শকদের মধ্যে মারামারি ঘটনা ঘটেছে। ওই ঘটনায় ১ জন নিহত আর ৩ জন আহত হয়েছেন। শুক্রবার বিকেলে মহেশপুরের আলমপুর ৪ নম্বর স্কুল মাঠের এ ঘটনা। বর্তমানে আহত দুই জন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

মৃত হানিফ মন্ডলের চাচা সুমন হোসেন বলেন, শুক্রবার বিকেলে মহেশপুরের আলমপুর ৪ নম্বর স্কুল মাঠে ফুটবল খেলা হচ্ছিল। খেলা নিয়ে তর্কে জড়িয়ে পড়েন দর্শকদের দুটি পক্ষ। এরপর মারামারি ঘটনা ঘটে। ওই মারামিতে মারা গেছে আমার ভাইপো হানিফ মন্ডল (৩০)। সে মহেশপুরের আলমপুর ৪ নম্বরের রফিকুল ইসলামের ছেলে।

এছাড়া আহত হচ্ছেন,ওই গ্রামের সিদ্দিকুর রহমানের ছেলে শফিকুল ইসলাম (৩৫),মোকবুল ইসলামের ছেলে আরিফুল ইসলাম (২৭),শফিকুল ইসলামের ছেলে মতিয়ার রহমান(৩৫)।

মৃত হানিফ মন্ডল আলমপুর ৬ ওয়ার্ড যুবলীগের সভাপতি বলে জানা গেছে। পারিবারিক জীবনে তিনি ২ সন্তানের জনক। বর্তমানে তাঁর মৃত দেহ কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে পড়ে রয়েছে। আর আহতদের মধ্যে দুই জন চিকিৎসাধীন রয়েছে।

এ ব্যাপারে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তারুনী পাশা বলেন, হানিফকে আমরা মৃত অবস্থায় পেয়েছি। এ ছাড়া আহত অবস্থায় পেয়েছি ৩ জনকে। এদের মধ্যে ২ জনকে চিকিৎসা দিয়ে ভর্তি করা হয়েছে। আরেক জন প্রাথমিক চিকিৎসা নিয়ে চলে গেছেন।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) সাজ্জাদ হোসেন বলেন,ঘটনা শুনে স্বাস্থ্য কমপ্লেক্সে আসছিলাম। এসে দেখি ফুটবল খেলা নিয়ে মারামারিতে হানিফ নামে একজন মারা গেছেন। আহত হয়েছেন ৩ জন। আমরা মৃত দেহের সুরতহাল করেছি। ময়না তদন্তের জন্য ও পাঠাব। তবে তাদের বাড়ি মহেশপুর থানায় হওয়ায় মামলা হবে ওই থানায়।

ঝিনাইদহ দস্যুতা মামলার সাজাপ্রাপ্ত দুই পলাতক আসামী গ্রেপ্তার

ঝিনাইদহ থেকে র্যাব-৬ এর হাতে দস্যুতা মামলার সাজাপ্রাপ্ত ও অর্থদন্ডপ্রাপ্ত ২জন পলাতক আসামি র্যাবের হাতে গ্রেপ্তার হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার ইসতিয়াক আহম্মেদ স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা যায়, ১৮ জুলাই রাতে র্যাব-৬ (ঝিনাইদহ ক্যাম্প) এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, দস্যুতা মামলার ৫ বছর ৩ মাসের সাজাপ্রাপ্ত ও অর্থদন্ডপ্রাপ্ত ২ জন পলাতক আসামী ঝিনাইদহ জেলার সদর থানা এলাকায় অবস্থান করছে।

উক্ত সংবাদের ভিত্তিতে অভিযানিক দলটি একই তারিখ ঝিনাইদহ জেলার সদর থানাধীন হাটগোপালপুর এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে উক্ত সাজাপ্রাপ্ত ও অর্থদন্ডপ্রাপ্ত পলাতক আসামী আজাদ শেখ (৪৮) ও অনিক ওরফে সাদ্দাম (২৪) কে গ্রেপ্তার করে। তারা উভয়ে ঝিনাইদহের কালীগঞ্জ থানার বাসিন্দা।

গ্রেপ্তারকৃত আসামীদ্বয়কে কালীগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্টে ব্যবসায়ীর মৃত্যু

ঝিনাইদহ শহরের চাকলাপাড়া বিদ্যুৎস্পৃষ্টে শওকত আলী (৫০) নামের একব্যবসায়ীর মৃত্যু হয়েছে। বুধবার সকালে এ দুর্ঘটনা ঘটে। শওকত আলী সদর উপজেলার মহিষাকুন্ডু এলাকার মৃত শুকুর আলীর ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, শওকত আলী চাকলাপাড়া একটি ভাড়া বাসায় ইজিবাইক চার্জের ব্যবসা করত।

বুধবার সকালে চার্জরত ইজিবাইকের প্লাগ খুলতে গিয়ে বিদ্যুতায়িত হয়ে গুরুতর আহত হয়। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

পরিবারের পক্ষ থেকে অভিযোগ না থাকায় তার মরদেহ হস্তান্তর করা হয়েছে।

ঝিনাইদহে বিএনপির পদযাত্রা কর্মসূচী পালিত

প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগসহ নির্দলীয় নিরপেক্ষ সরকারের দাবীতে ঝিনাইদহে বিএনপির পদযাত্রা কর্মসূচী পালিত হয়েছে।

বিএনপির কেন্দ্রীয় কর্মসূচীর আলোকে ঝিনাইদহ জেলা বিএনপি বুধবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামান থেকে এই পদযাত্রা শুরু করে। এতে ঝিনাইদহ সদর উপজেলা ছাড়াও ৬ উপজেলা থেকে আসা কয়েক হাজার নেতাকর্মী অংশ নেয়। পদযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে আরাপপুরে গিয়ে শেষ হয়।

পদযাত্রা শেষে সংক্ষিপ্ত সমাবেশে বিএনপির জাতীয় নির্বাহী কমিটি খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা এবং বিভিন্ন উপজেলা বিএনপির সভাপতি-সাধারণ সম্পাদকসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তারা, বর্তমান আওয়ামী সরকারকে অবৈধ দাবী করে দ্রুত নির্দলীয় নিরপেক্ষ সরকারের কাছে ক্ষমতা হস্তান্তরের দাবী জানান।

কোটচাঁদপুরে অভিভাবক সমাবেশ ও স্যানিটারি ন্যাপকিন বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুরে বাল্যবিবাহ, যৌতুক, আত্মহত্যা, মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ,কিশোর গাং রোধে অভিভাবক সমাবেশ ও কিশোরীদের মাঝে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্যানিটারি ন্যাপকিন বিতরণ করা হয়েছে।

উপজেলা প্রশাসনের আয়োজনে ও এস এম সি কুষ্টিয়ার সহযোগিতায় মঙ্গলবার বিকালে কোটচাঁদপুর পৌর এলাকার সরকারি কে এম এইচ ডিগ্রি কলেজের হলরুমে উপজেলার ১১ টা শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রীদের মাঝে এ সামগ্রী বিতরণ করা হয়।

অভিভাবক সমাবেশ ও সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

উপজেলা নির্বাহী অফিসার উছেন মে এর সভাপতিত্ব বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায় মডেল থানার অফিসার ইনর্চাজ মঈন উদ্দিন, আব্দুল্লাহ আল মামুন সেলস ম্যানেজার এস এম সি কুষ্টিয়া, মাসুদুর রহমান সিনিয়র এরিয়া এক্সিকিউটিভ এস এম সি কুষ্টিয়া, কাজিরুল ইসলাম সিনিয়র সেলস প্রোমোশন এক্সিকিউটিভ, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম প্রমুখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা। এ প্রকল্পের মাধ্যমে ছাত্রীদেরকে বাল্যবিবাহ,যৌন হয়রানি সহ বিভিন্ন বিষয়ে সচেতন করা হয়।এ সময় অভিভাবক, শিক্ষার্থী, শিক্ষক সহ উপজেলা প্রশাসন ও স্কুলের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন

ঝিনাইদহে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে বৃক্ষরোপণ ও গাছের চারা বিতরণ

ঝিনাইদহ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে বৃক্ষরোপণ ও গাছের চারা বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। সোমবার (১৭ই জুলাই) বেলা ১২টার দিকে গাছের চারা বিতরণ করা হয়।

গাছের চারা বিতরণের এই কর্মসূচি উদ্বোধন করেন ঝিনাইদহ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ মোহাম্মদ রুস্তম আলী। এই সময়ে তিনি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যে ফলস ও বনজ বৃক্ষ রোপন করেন।

এসময় উপস্থিত ছিলেন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের চিপ ইনস্ট্রাকটর মোঃ আসাদুজ্জামান, সিনিয়র শিক্ষক মোঃ আবুল হাসনাত, সিনিয়র ইনস্ট্রাকটর শীতল চন্দ্র, জাপানি ভাষা প্রশিক্ষক আবু বক্কার সিদ্দিক, জব পেজমেন্ট অফিসার আব্দুল্লা আল মামুন ও অন্যান্য কর্মকর্তা সহ কর্মচারীবৃন্দ।

বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন কালে ঝিনাইদহ কারিগরি শিক্ষা কেন্দ্রের অধ্যক্ষ রুস্তম আলী বলেন জনশক্তি কর্মসংস্থান ব্যুরোর মহাপরিচালক এর নির্দেশক্রমে গ্রাম এবং শহরকে সবুজায়ন করার লক্ষ্যে এবং প্রবাসীদের স্মরণে এতিম এবং গরিবদের মাঝে একটি করে গাছ বিতরণ করা হবে এবং প্রবাস যেতে ইচ্ছুক দের মাঝেও বৃক্ষ বিতরণ হবে বলে তিনি উল্লেখ করেন।

বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন কালে ঝিনাইদহ কারিগরি শিক্ষা কেন্দ্রের অধ্যক্ষ রুস্তম আলী বলেন জনশক্তি কর্মসংস্থান ব্যুরোর মহাপরিচালক এর নির্দেশক্রমে গ্রাম এবং শহরকে সবুজায়ন করার লক্ষ্যে এবং প্রবাসীদের স্মরণে এতিম এবং গরিবদের মাঝে একটি করে গাছ বিতরণ করা হবে এবং প্রবাস যেতে ইচ্ছুক দের মাঝেও বৃক্ষ বিতরণ হবে বলে তিনি উল্লেখ করেন।

ঝিনাইদহে ভর্তূকি মূল্যে টিসিবির পণ্য বিক্রি শুরু

ঝিনাইদহে ভর্তুকি মূল্যে খাদ্যপণ্য বিক্রি শুরু করেছে ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি)।

আজ রবিবার সকালে শহরের হামদহ এলাকার পুলিশ লাইন্সের সামনে এ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক এসএম রফিকুল ইসলাম।

সে সময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন, জেলা তথ্য অফিসার আবু বক্কর সিদ্দিক, টিসিবি’র সহকারী পরিচালক আতিকুর রহমান, জেলা খাদ্য নিয়ন্ত্রক হাসান মিয়া, পৌরসভার কাউন্সিলর আরেফিন কায়সার, ডিলার মামুন হোসেন সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সংশ্লিষ্টরা জানায়, এবারও জেলার ৬ উপজেলায় ৪৩ জন ডিলারের মাধ্যমে ১ লাখ ২০ হাজার ১৩৩ জন ফ্যামিলি কার্ডধারী নিম্ন আয়ের পরিবারের মাঝে এসব পণ্য বিক্রি করা হবে। প্রতিটি ফ্যামিলি কার্ডে ৪৭০ টাকায় ২ কেজি মসুরের ডাল ও ২ লিটার সয়াবিন তেল ও ৫ কেজি চাউল মিলবে। এবার পণ্যে চাউল যুক্ত করায় খুশি হতদরিদ্র সুবিধাভোগীরা।

হরিণাকুণ্ডুতে মেধাবী ছাত্রী নীলিমা মৃত্যু শয্যায় লিখে গেল আত্মহত্যার কারণ

শ্লীলতাহানির শিকার হয়ে গত ৮ জুলাই মধ্যরাতে আত্মহত্যা করেন ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার শ্রীফলতলা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের দশম শ্রেণীর মেধাবী ছাত্রী নীলিমা খাতুন। চিকিৎসাধীন অবস্থায় হাসপাতালের বেডে শুয়ে তিনি তার মৃত্যুর জন্য কারা দায়ি এবং সেদিন কি ঘটেছিল তা চিরকুটে লিখে যান। তার চিরকুট থেকে জানা গেছে একই উপজেলার মাঠ আন্দুলিয়া গ্রামের ওলিয়ার রহমানের ছেলে

রাসেল ও তার বান্ধবী সুমাইয়া তার মৃত্যুর জন্য দায়ী।

নিলীমার লিখিত চিরকুট ও পরিবার সূত্রে জানা যায়, সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুকে তাদের পরিচয় হয়। রাসেল বিভিন্ন সময়ে নিলীমাকে প্রেমের প্রস্তাব দিয়ে আসলেও তাতে নিলীমা কখনো সম্মতি দেয়নি। প্রত্যাখাত হয়ে রাসেল নীলিমাকে কৌশলে অপহরণের ছক কষে।

সে মোতাবেক বিগত ঈদের ৩য় দিন (১ জুলাই) রাসেল কৌশলে নিলীমার বান্ধবী সুমাইয়াকে দিয়ে ফোন করে নিলীমাকে স্থানীয় জোহান ড্রীমভ্যালী পার্কে বেড়াতে নিয়ে যায়। সেখানে গিয়ে সাক্ষাত হয় রাসেলের সাথে। এরপর বান্ধবী সুমাইয়া সেখান থেকে কৌশলে সরে যান।

এসময় পার্কের নির্জন স্থানে নিলীমাকে একা পেয়ে তাকে জড়িয়ে ধরে শ্লীলতাহানি ঘটায় রাসেল। সে সময় নিলীমা রাসেলের ছক বুঝতে পেরে পালানোর চেষ্টা করে। নিলীমার কাছে থাকা একটি সরকারী ট্যাব জোরপূর্বক ছিনিয়ে নেন রাসেল। কৌশল ও বুদ্ধি খাটিয়ে রাসেলের হাত থেকে মুক্তি পেয়ে সন্ধ্যার দিকে বাড়ি ফিরে আসে নিলীমা। এরপর রাত ১০ টার দিকে ঘরে থাকা কীটনাশক সেবন করে ছটফট করতে থাকে নিলীমা। আহত অবস্থায় পরিবারের লোকজন নিলীমাকে উদ্ধার করে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। সেখানে চিকিৎসাধীন অবস্থায় ৮ জুলাই মধ্যরাতে মৃত্যুবরণ করে নিলীমা। হাসপাতালের বিছানায় অসুস্থ নিলীমা পুরো ঘটনা একটি সাদা কাগজে লিখে রেখে যান।

বিষয়টি প্রাথমিকভাবে আত্মহত্যা বলে ধামাচাপা দেওয়ার চেষ্টা চালায় একটি প্রভাবশালী মহল। এ ঘটনায় নিলীমার পিতা আব্দুর রাজ্জাক ব্যাপারী বখাটে রাসেল ও বান্ধবী সুমাইয়াকে আসামী করে থানায় একটি মামলা দায়ের করলেও এখন সেই মামলায় এ পর্যন্ত কাউকে গ্রপ্তার করতে পারেনি পুলিশ।

স্থানীয় চেয়ারম্যান বসির উদ্দীন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান,এ ভাবে ডেকে নিয়ে একজন মেধবী ছাত্রীর সম্মানহানী ঘটনা খুবই দুঃখজনক। তিনি আত্মহত্যা প্ররোচনাকারীদের আইনের আওতায় আনার দাবী জানান।

মামলার বাদী আব্দুর রাজ্জাক জানান, সুমাইয়ার কারণেই তার মেয়ে মৃতুবরণ করেছে। সে ডেকে নিয়ে বখাটের হাতে তুলে দিয়েছে নিলীমাকে। এখন একটি মহল সুমাইয়াকে বাঁচানোর চেষ্টা করছে। তিনি বখাটে রাসল ও মাইয়ার গ্রেপ্তারের দাবী করেন ।

এ ব্যাপারে হরিণাকুন্ডু থানার এসআই ও মামলার তদন্ত কর্মকর্তা অনিষ মন্ডল জানান, মামলা রেকর্ড হয়েছে। আসামীদের গ্রেফতারে তথ্য প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে। আশা করা যায় খুব দ্রুতই বখাটে রাসেল ও সুমাইয়াকে গ্রেফতার করা সম্ভব হবে।

কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী ফুটবলে পৌর একাদশ চ্যাম্পিয়ন

ঝিনাইদহের কোটচাঁদপুরে বীর মুক্তিযোদ্ধা নূরে আলম সিদ্দিকী আন্তঃইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেলে জেলা ক্রীড়া সংস্থা ও উপজেলা ক্রীড়া সংস্থা কোটচাঁদপুরের আয়োজনে পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় ৩ -০ গোলে জয়লাভ করেন কোটচাঁদপুর পৌর সভা ফুটবল একাদশ।

জানা যায়, ফাইনাল খেলায় অংশ গ্রহণ করে কোটচাঁদপুর পৌরসভা ফুটবল একাদশ ও বলুহর ইউনিয়ন ফুটবল একাদশের মধ্যে। খেলাটি শুরু হয় বিকাল ৫ টায় কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে।

খেলার প্রথমঅর্ধে তুমুল লড়াই হয় দুই দলের মধ্যে। প্রথম অর্ধে গোলের দেখা পাইনি কোনো দল । বিরতির পর আবার দুই দল মাঠে নামেন আবারও মনোবল নিয়ে। লড়াইও করেন গোলের জন্য।

দ্বিতীয় অর্ধেও ৩ গোলের দেখা পায় কোটচাঁদপুর পৌরসভা ফুটবল একাদশ । আর ওই ৩ গোল দিয়েই শেষ হয় খেলা। সেই সুবাদে ৩-০ গোলে বলুহর ইউনিয়ন ফুটবল একাদশ কে হারিয়ে জয়লাভ করেন কোটচাঁদপুর পৌরসভা ফুটবল একাদশ।

ফাইনাল খেলায় প্রধান অতিথি ঝিনাইদহ জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম বিজয়ী ও রানারআপ দলের হাতে ট্রফি তুলে দেন। খেলায় সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

এ সময় বিশেষ অতিথি উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, পৌর সভার প্যানেল মেয়র শেখ সোহেল আরমান, মডেল থানার অফিসার ইনর্চাজ মঈন উদ্দিন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক সরকার, কৃষি অফিসার রাজিবুল হাসান, প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, বলুহর ইউনিয়ন চেয়ারম্যান নজরুল ইসলাম, কুশান ইউনিয়ন চেয়ারম্যান শাহরুজ্জামান সবুজ, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মফিজুর রহমান প্রমুখ।

খেলাটি পরিচালনা করেন রবিউল ইসলাম ও সাইদুল ঝিনাইদহ রবি জীবননগর । দর্শক কানায় কানায় পূর্ণ ছিলো ফুটবল খেলা মাঠ।

ঝিনাইদহে যুবদল নেতাকে কুপিয়ে জখম; প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল

ঝিনাইদহে যুবদল নেতা লিটন হোসেনকে কুপিয়ে হাতের কব্জি বিচ্ছিন্ন করার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে ঝিনাইদহ জেলা যুবদল।

শুক্রবার সকালে জেলা যুবদলের পক্ষ থেকে এইচএসএস সড়কে বিএনপি’র কার্যালয়ের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি সদর থানা গেটের সামনে পৌছালে পুলিশ তাদের বাঁধা দেয়। পরে সেখানেই সংক্ষিপ্ত সমাবেশ করে দলটির নেতাকর্মীরা। সেসময় জেলা বিএনপি’র সভাপতি এ্যাড আব্দুল মজিদ, যুবদলের সভাপতি আহসান হাবিব রনক, সাধারন সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টুসহ অন্যানরা বক্তব্য

দেন।

সমাবেশে বক্তারা, আগামী ৩ দিনের মধ্যে জড়িত সকলকে গ্রেফতারের দাবি জানান। এর সময়ের দোষীরা গ্রেফতার না হলে কঠোর কর্মসূচির হুশিয়ারী দেন তারা।

গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে ৭ টার সময় সদর উপজেলার পাগলাকানাই ইউনিয়ন পরিষদের সামনে জেলা যুবদল নেতা লিটন হোসেনকে গুরুতর আহত করে দুর্বৃত্তরা। বর্তমানে সে ঢাকা পঙ্গু হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এ ঘটনায় থানায় মামলা দেয়নি দলটি ও পরিবারের স্বজনরা। তবে জিজ্ঞাবাদের জন্য ২ জনকে আটক করেছে পুলিশ।